



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 16  
Class - 2

Subject : Bengali Text  
Topic : আমাদের দেশ

Date : 02.10.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) সুজয়ের বয়স কত ও কোন্ জেলায় তার বাড়ি, জন্মাবধি সে কোথায় থাকে এবং কোথায় সে কখনো যায়নি?

উঃ সুজয়ের বয়স দশ। বর্ধমান জেলায় তার বাড়ি। জন্মাবধি সে কলকাতায় থাকে। দেশের বাড়িতে সে কখনো যায়নি।

২) সুজয় গ্রামে যাবার পথে রেল লাইনের দুধারে কী কী দেখেছিল?

উঃ সুজয় গ্রামে যাবার পথে রেল লাইনের দুধারে দেখেছিল সবুজ ধানের খেত। কচি বাঁশের ঝাড় হাওয়ায় দুলছে।

কোথাও দেখেছিল হলদে রঙের বুনো ফুল ফুটে আছে। আবার কোথাও দেখেছিল পুকুরের জলে শালুক ফুল ভাসছে, পদ্মের মতো দেখতে।

৩) সুজয়ের আনন্দ দেখে সুজয়ের বাবা সুজয়কে কি বললেন?

উঃ সুজয়ের আনন্দ দেখে সুজয়ের বাবা সুজয়কে বললেন - কেমন, বলেছিলাম তো কলকাতায় বসে বোঝা যায় না আমাদের এই দেশ কত সুন্দর, আর কত বিরাট, এই তো মোটে কলকাতা থেকে আশি কিলোমিটার দূরে যাচ্ছ তোমার গ্রামের বাড়িতে - বর্ধমান জেলার ছোটো একটি গ্রামে। জানো, এমন প্রায় লক্ষ গ্রাম আছে সমস্ত ভারতে। আর এই যে তোমার বর্ধমান জেলা, এরকম গোটা কয়েক জেলা মিলে এই পশ্চিমবাংলা। আবার পশ্চিমবাংলার মতো বেশ কয়েকটি রাজ্য মিলে তবে এই ভারত।

\_\_\_\_\_ x \_\_\_\_\_

Rita Das